

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-3 and DSE-B-4

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

DSE-B-3

[ চরিত্রসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য ]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'চৈতন্যভাগবত' অবলম্বনে কবি বৃন্দাবন দাসের কবিত্ব শক্তির অসাধারণত্ব সম্পর্কে আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) 'চৈতন্যভাগবত'-এ সমকালীন সমাজজীবনের যে চিত্র পরিস্ফুট হয়েছে, তার পরিচয় দাও। ১০
- ২। (ক) "এতবড়ো অব্যর্থ ভবিষ্যদ্বাণী জীবনে আর কোনদিন কর্ণগোচর হয় নাই।" — কী প্রসঙ্গে কোন অব্যর্থ ভবিষ্যদ্বাণীর কথা বলা হয়েছে? লেখকের এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+২+৬  
অথবা,  
(খ) ঠাকুর বাড়িতে ছেলেদের শিক্ষার জন্য যে 'নানা-বিদ্যার আয়োজন' করা হয়েছিল, তার পরিচয় দাও। ১০
- ৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থ অবলম্বনে সৈয়দ মুজতবা আলির দার্শনিক ভাবুক মনের যে পরিচয় পরিস্ফুট হয়েছে, তার স্বরূপ আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) 'দেশে-বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের যে ছবি দেখা যায়, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০
- ৪। (ক) 'চৈতন্যভাগবত'-এ শ্রীচৈতন্যের বিদ্যাশিক্ষার যে পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) 'চৈতন্যভাগবত' অবলম্বনে 'দিগ্বিজয়ী উদ্ধার' প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫
- ৫। (ক) "আমার জীবনে এইটাই আদিকবির প্রথম কবিতা" — প্রসঙ্গ উল্লেখ করে, উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫  
অথবা,  
(খ) "ইহার মধ্যে যেটুকু গভীরতা আছে তাহা সরোবর সংক্রান্ত — অত্যন্তই স্বচ্ছ" — প্রসঙ্গ ব্যাখ্যা করো। ৫

৬। (ক) “বাকি-জীবন সে ওই পর্যতাল্লিশ নম্বরের ভানুমতী কখনো কাটিয়ে উঠতে পারেনি।” —লেখকের অনুসরণে ঘটনাটি বর্ণনা করে। ৫

অথবা,

(খ) “সর্দারজি লেখকের যাত্রাপথের একটি অবিস্মরণীয় চরিত্র” — আলোচনা করে। ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

(ক) অদ্বৈত আচার্য

(খ) ভৃত্যরাজকতন্ত্র

(গ) আব্দুর রহমান

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) শ্রীচৈতন্যের মায়ের নাম কী?

(খ) শ্রীচৈতন্য কার কাছে কৃষ্ণমন্ত্র দীক্ষা নিয়েছিলেন?

(গ) “দ্বিতীয় দেবকী যেন সেই জগৎমাতা” — কার সম্পর্কে এ কথা বলা হয়েছে?

(ঘ) দুজন চৈতন্য-পার্বদেবের নাম লেখো।

(ঙ) ‘শ্রীশুক’ কাকে বলা হয়?

(চ) ‘নেয়ামত খলিফা’ কে ছিলেন?

(ছ) রবীন্দ্রনাথ স্বপ্নে কোন গ্রন্থের প্ৰট পান?

(জ) ‘স্বপ্নপ্রয়াণ’-এর কবি কে?

(ঝ) ‘বালক’ পত্রিকার সম্পাদিকা কে ছিলেন?

(ঞ) ‘জীবনস্মৃতি’-র সূচনা অংশে কোন গ্রন্থের উল্লেখ আছে?

(ট) ‘দেশে-বিদেশে’ কী জাতীয় গ্রন্থ?

(ঠ) পাঠানমূলুকের প্রচলিত প্রবাদ কী?

(ড) সরল পাঠান ও সুচতুর ইংরেজের কোথায় মিল আছে?

(ঢ) পাঠান জীবনের প্রধান আইন কী?

(ণ) রূপোর তাজমহল কাকে বলা হয়েছে?

## DSE-B-4

## [ লোকসংস্কৃতি ও লোকসাহিত্য ]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) লোকসাহিত্যের একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। লোকসাহিত্যের সঙ্গে তথাকথিত শিল্প সাহিত্যের পার্থক্যগুলি সংক্ষেপে লেখো। ২+৮
- অথবা,
- (খ) পুণ্যপুকুর ব্রতের পরিচয় দাও। ১০
- ২। (ক) পাঠান্তর বলতে কী বোঝো? ছড়ার পাঠান্তরের কারণগুলি নির্দেশ করো। ২+৮
- অথবা,
- (খ) ছড়া ও ধাঁধার মধ্যে বিভিন্ন পার্থক্য নির্দেশ করো। ১০
- ৩। (ক) লোকগান হিসাবে বাউল গানের বৈশিষ্ট্যগুলি লেখো ১০
- অথবা,
- (খ) পশুকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।— এ বিষয়ে তোমার মতামত দাও। ১০
- ৪। (ক) বাককেন্দ্রিক লোকসংস্কৃতির পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫
- অথবা,
- (খ) টাইপ ও মোটিফের সংজ্ঞা দাও। ৫
- ৫। (ক) রায়বেঁশে নৃত্যের বৈশিষ্ট্য পর্যালোচনা করো। ৫
- অথবা,
- (খ) দৃষ্টান্তসহ ধাঁধার শ্রেণিবিভাগ করো। ৫
- ৬। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করো। ৫
- অথবা,
- (খ) ভাটিয়ালি গানের স্বরূপ পর্যালোচনা করো। ৫
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫x১
- (ক) সৈঁজুতি
- (খ) ছৈন্তা
- (গ) ব্রতকথা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) 'Folklore' শব্দটি কবে প্রস্তাবিত হয়?
  - (খ) 'লোকশ্রুতি' শব্দটি কোন ইংরেজি শব্দের প্রতিশব্দ?
  - (গ) 'স্টিথ থমসন লিখিত একটি গ্রন্থের নাম লেখো।
  - (ঘ) মাঘমণ্ডল ব্রত পালনের মুখ্য উদ্দেশ্য কী?
  - (ঙ) 'গস্তীরা'র নানা অর্থ।— একটি অর্থ লেখো।
  - (চ) গস্তীরা নাচের মূল বিষয় কী?
  - (ছ) ছৌ নাচকে কে বিশ্ববিখ্যাত করেন?
  - (জ) ধাঁধার একটি সমনাম লেখো।
  - (ঝ) পুরাণকেন্দ্রিক একটি ধাঁধার উল্লেখ করো।
  - (ঞ) একটি বিশিষ্টার্থক শব্দগুচ্ছের উল্লেখ করো।
  - (ট) রবীন্দ্রনাথ ঠাকুরের 'লোকসাহিত্য' গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।
  - (ঠ) কৃষিকেন্দ্রিক একটি প্রবাদের উল্লেখ করো।
  - (ড) 'বাংলার লোকসাহিত্য' গ্রন্থটির রচয়িতা কে?
  - (ঢ) ইতিহাস আশ্রিত একটি প্রবাদের উল্লেখ করো।
  - (ণ) রূপকথার একটি বৈশিষ্ট্য লেখো।
-